(একই তারিখের একই স্মারকে স্থলাভিষিক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪২.০০.০০০০.০৩৪.৯৯.০০৪.১৮-৩৪৫ তারিখ: ২২-৭-২০১৮ খ্রি:।

**বিষয়: জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি গঠন।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসনগণ সরকারের মাঠ পর্যায়ের উন্নয়ন কর্মকান্ডে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। পানি সম্পদ মন্ত্রণালয়ের অনেক প্রকল্প এবং কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের উদ্দেশ্যে জেলা প্রশাসকগণের সহযোগিতা এবং ক্ষেত্র বিশেষে তদারকি প্রয়োজন হয়। মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন প্রকল্প/কার্যক্রমকে জনগণ বান্ধব ও যথাযথভাবে বাস্তবায়নে জেলা প্রশাসকগণের ভূমিকা গুরুত্বপূর্ণ বিধায় জেলা প্রশাসকগণকে সভাপতি করে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো:

| ক্র | কর্মকর্তার পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১. | মাননীয় সংসদ সদস্য (সংশ্লিষ্ট নির্বাচনী এলাকা) | উপদেষ্টা |
| ০২. | জেলা প্রশাসক | সভাপতি |
| ০৩. | পুলিশ সুপার | সদস্য |
| ০৪. | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ০৫. | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ০৬. | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ০৭. | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ | সদস্য |
| ০৮. | জেলা পরিষদ এর নির্বাহী প্রকৌশলী | সদস্য |
| ০৯. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর -এর প্রতিনিধি | সদস্য |
| ১০. | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের জেলা পর্যায়ের প্রতিনিধি | সদস্য |
| ১১. | জেলা পরিবেশ কর্মকর্তা | সদস্য |
| ১২. | জেলা বন কর্মকর্তা | সদস্য |
| ১৩. | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

০১. উন্নয়ন প্রকল্পের বাস্তবায়নে কার্যক্রম গ্রহণ, পরিদর্শন, তদারকি ও সমন্বয়;
০২. দুর্যোগ ও আপদকালীন কার্যক্রমসমূহের তদারকি ও সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিতকরণ। প্রয়োজনে সুনামগঞ্জ মডেলের মতো পিআইসি গঠন ও জনগণকে সম্পৃক্ত করে কাজ বাস্তবায়ন;
০৩. রাজস্ব বাজেটের আওতায় সম্পাদিত কার্যক্রম তদারকি;
০৪. ড্রেজিংকৃত বালুর মূল্য নির্ধারণ, বিক্রি এবং বিক্রয়লব্ধ অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান;
০৫. ড্রেজিংকৃত বালু স্থানীয় জনগণের সমষ্টিকৃত চাহিদার আলোকে তথা রাস্তাঘাট, খেলার মাঠ ভরাট ও অন্যান্য সরকারি স্থাপনার কাজে ব্যবহারের সিদ্ধান্ত প্রদান;
০৬. তালিকাভুক্ত সকল বালুমহলসহ নতুন বালুমহল ইজারা দেয়ার পূর্বে পানি উন্নয়ন বোর্ডের সাথে সমন্বয় করে জরীপ এবং নক্সা প্রণয়ণ;
০৭. নদী ভাঙ্গন সংক্রান্ত তথ্য সংরক্ষণ ও জরুরিভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিতকরণ;
০৮. নদী ভাঙ্গন ও বন্যা পরিস্থিতিসহ অন্যান্য জরুরি পরিস্থিতি তাৎক্ষণিক সতর্কীকরণ ও উদ্ধার এবং ত্রাণ কার্যক্রম তদারকি;
০৯. খাল, জলাশয় ও নদী দূষণ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
১০. ভূমি অধিগ্রহণ জটিলতা নিরসণে কার্যক্রম গ্রহণ;

(অ:পৃ:--২)

১১. খাল-বিলসমূহের পূর্ণাঙ্গ তালিকা থেকে অগ্রাধিকার নির্ধারণপূর্বক পর্যায়ক্রমে প্রাক্কলন তৈরি এবং প্রেরণ;

১২. জলাধারের উপরে নির্মিত অবকাঠামো যথা- ব্রীজ, কালভার্ট, স্লুইস, বাঁধ ইত্যাদির বর্তমান অবস্থা এবং নৌ-চলাচলসহ প্রায়োগিক সুবিধা/অসুবিধার সুনির্দিষ্ট বিবরণ এবং মতামতসহ তালিকা প্রণয়ন;

১৩. কমিটি প্রতি মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবে। তবে জরুরি প্রয়োজনে একাধিক সভা করা যেতে পারে।

১৪. প্রয়োজনে কমিটিতে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করা যাবে।

২০.৯.১৮

(নুজহাত ইয়াসমিন)
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৬৭৭৮

মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতারভিত্তিতে নহে):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, সড়ক ও জনপথ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। বিভাগীয় কমিশনার----------------------------------------------------(সকল)।
১২। জেলা প্রশাসক,---------------------------------------------------------(সকল)।
১৩। পুলিশ সুপার----------------------------------------------------------------(সকল)।
১৪। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।